

## সিরাজগঞ্জে মাদ্রাসার অধ্যক্ষের কার্যালয়ে তালা

সিরাজগঞ্জ প্রতিনিধি ২৪ মার্চ ২০১৯ ০০:০০ | আপডেট: ২৪ মার্চ ২০১৯ ০০:১৪



সিরাজগঞ্জ হাজী আহমদ আলী আলিয়া কামিল এম এ মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ সামছুল আলমের বিরুদ্ধে নানা দুর্নীতির অভিযোগ ওঠেছে। দুর্নীতির প্রতিবাদে গতকাল শনিবার মানববন্ধন ও অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন শিক্ষক ও শিক্ষার্থীরা। সকাল সাড়ে ১০টায় মাদ্রাসা চতুরে এ কর্মসূচি পালন করা হয়। এ সময় বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের প্রভাষক আমিনুল ইসলাম, বক্তৃ আমীন, অধ্যাপিকা হাসনাহেনা প্রমুখ। মানববন্ধন শেষে অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেওয়া হয়। বক্তৃরা এ সময় বলেন, ২০০৩ সালে মোহাম্মদ সামছুল আলম মাদ্রাসার অধ্যক্ষের দায়িত্ব পান। এর পর থেকে তার দুর্নীতি আর স্বেচ্ছাচারিতা চলছে। বাধ্য হয়ে মানববন্ধন কর্মসূচি পালন করতে হচ্ছে। বক্তৃরা অধ্যক্ষের অপসারণ দাবি করেন। এ ব্যাপারে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও মোবাইল ফোন বন্ধ থাকায় অধ্যক্ষ মোহাম্মদ সামছুল আলমের বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। উল্লেখ্য, কামিল পরীক্ষায় টিউটোরিয়ালের নামে অতিরিক্ত ফি আদায়ের দায়ে গত ৯ মার্চ অধ্যক্ষ মোহাম্মদ সামছুল আলমকে ৭ দিনের কারাদ- প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত।

শেয়ার ফেসবুক